



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-২৭

২৮ জ্যৈষ্ঠ ১৪৩১

তারিখ: -----

১১ জুন ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে ঢাকা মহানগরী, চট্টগ্রাম মহানগরী এবং সিংড়া পৌরসভা, নাটোর এর বিভিন্ন ব্যাংক শাখা/উপশাখায় স্বাভাবিক ব্যাংকিংসহ বর্ধিত সময়ের ব্যাংকিং কার্যক্রম চালু রাখা প্রসঙ্গে।

আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন এবং সিংড়া পৌরসভা, নাটোর এর তত্ত্বাবধানে ও ব্যবস্থাপনায় পরিচালিত কোরবানির পশুর হাটগুলোতে অধিক সংখ্যক ব্যবসায়ীর সমাগম ঘটে এবং বিপুল পরিমাণ নগদ অর্থের লেনদেন হয়ে থাকে। ফলে হাটগুলোতে আর্থিক লেনদেনের নিরাপত্তার বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ। উল্লেখ্য, কোরবানির পশুর হাটগুলোর নিকট দূরত্বেই বিভিন্ন ব্যাংক শাখা/উপশাখা তাদের নিয়মিত কার্যক্রম পরিচালনা করে থাকে। হাটগুলোর নিকটবর্তী এসব ব্যাংক শাখা/উপশাখা ব্যবহার করে কোরবানির পশু ব্যবসায়ীগণ তাদের পশু বিক্রির অর্থ লেনদেনে ব্যাংকের সহায়তা গ্রহণ করতে পারেন। তাছাড়া, পশুর হাটে ব্যাংকের অস্থায়ী বুথ খোলা হলে পশু ব্যবসায়ীগণ অর্থ লেনদেনে উক্ত বুথের সহায়তা গ্রহণ করতে পারেন।

২। বর্ণিত প্রেক্ষিতে, আপনাদেরকে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা যাচ্ছে:

২.১। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও সিংড়া পৌরসভা, নাটোর এর কোরবানির পশুর হাটের (স্থায়ী ও অস্থায়ী হাটের তালিকা সংযুক্তি-১ ও ২ এ বর্ণিত) নিকটবর্তী ব্যাংক শাখা/উপশাখা স্থায়ী বিবেচনায় নির্বাচন করে উক্ত শাখা/উপশাখাসমূহে বিশেষ ব্যবস্থায় ১৪/০৬/২০২৪ তারিখ হতে ঈদ-উল-আযহার পূর্বদিন পর্যন্ত উক্ত শাখা/উপশাখাসমূহে সকাল ১০:০০ টা হতে রাত ১০.০০ পর্যন্ত স্বাভাবিক ব্যাংকিং কার্যক্রম চালু রাখা;

২.২। পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করে কোরবানীর পশুর হাটে স্থায়ী বিবেচনায় অস্থায়ী বুথ স্থাপনের ব্যবস্থা গ্রহণ; এবং

২.৩। সংশ্লিষ্ট ব্যাংক শাখা/উপশাখা/বুথগুলোতে অতিরিক্ত সময়ে দায়িত্ব পালনকারী কর্মকর্তা ও কর্মচারীগণের বিশেষ ভাতা প্রদান।

৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)

পরিচালক (বিআরপিডি)

ফোনঃ ৯৫৩০২৫২

সংযুক্তি-১

আসন্ন ঈদুল আযহা-২০২৪ উপলক্ষে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকায় পশুর
অস্থায়ী ও স্থায়ী হাটের চূড়ান্ত তালিকা।

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

ক্রম	বিভাগ	থানা	হাটের নাম	মন্তব্য
স্থায়ী পশুর হাট (০১টি)				
১.	মিরপুর	দারুস সালাম	গাবতলী পশুর হাট, মিরপুর, ঢাকা।	
অস্থায়ী পশুর হাট (৭টি)				
২.	তেজগাঁও	মোঃপুর	মোহাম্মদপুর বসিলাস্থিত ৪০ ফুট সড়ক সংলগ্ন খালি জায়গা	
৩.		তেজগাঁও শিল্পাঞ্চল	ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট খেলার মাঠ	
৪.	মিরপুর	ভাষানটেক	রজনী গক্যা সুপার মার্কেট সংলগ্ন আনুমানিক ৩০০ একর খালি জায়গা	
৫.		পল্লবী	মিরপুর সেকশন-৬, ওয়ার্ড-৬ (ইষ্টার্ন হাউজিং) এর খালি জায়গা	
৬.	গুলশান	ভাটারা	ভাটারা সুভিডোলা খাল সংলগ্ন খালি জায়গা	
৭.		খিলক্ষেত	৪৩নং ওয়ার্ডস্থিত মন্বুল চেকপোস্ট (বরুরা) সংলগ্ন খালি জায়গা	
৮.	উত্তরা	তুরাগ	উত্তরা দিয়াবাড়ী ১৬ ও ১৮ নং সেক্টর সংলগ্ন বউ বাজার এলাকার খালি জায়গা	

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

ক্রম	বিভাগ	থানা	হাটের নাম	মন্তব্য
স্থায়ী পশুর হাট (০১টি)				
১.	ওয়ারী	ডেমরা	সাবুলিয়া বাজার, ডেমরা, ঢাকা।	
অস্থায়ী পশুর হাট (১০টি)				
২.	রমনা	হাজরাবাগ	ইনস্টিটিউট অব লেদার টেকনোলজি মাঠ সংলগ্ন খালি জায়গা	
৩.	লালবাগ	চকুবাড়ার	রহমতগঞ্জ খেলার মাঠ (রহমতগঞ্জ মুসলিম ফ্রেডস সোসাইটি স্পোর্টিং ক্লাব মাঠ)	
৪.		সূত্রাপুর	খোলাইখাল ট্রাক টার্মিনাল সংলগ্ন উন্মুক্ত এলাকা ও আশপাশের খালি জায়গা	
৫.	মতিঝিল	মতিঝিল	কমলাপুর গোপীবাগ ও মুগদা ধলপুর সিটি পল্লী মাঠ এর আশ পাশ এলাকা	
৬.		শাহজাহানপুর	উত্তর শাহজাহানপুর খিলগাঁও রেলগেইট বাজার এর মৈত্রী ক্লাব সংলগ্ন আশেপাশের খালি জায়গা	
৭.		খিলগাঁও	মেরাদিয়া বাজার সংলগ্ন আশেপাশের খালি জায়গা	
৮.	ওয়ারী	কদমতলী	শ্যামপুর কদমতলী ট্রাক স্ট্যান্ড সংলগ্ন খালি জায়গা	
৯.		যাত্রাবাড়ী	দনিয়া কলেজ সংলগ্ন ঢাকা-চট্টগ্রাম রোডের দুইপার্শ্বে খালি জায়গা	
১০.		ডেমরা	আমুলিয়া মডেল টাউনের আশেপাশের খালি জায়গা	
১১.		শ্যামপুর	পোস্তাগোলা শ্মশানঘাট সংলগ্ন আশেপাশের খালি জায়গা	



সংযুক্তি-২

আসন্ন ঈদুল আযহা-২০২৪ উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশন এবং সিংড়া পৌরসভা, নাটোর এলাকায়
পশুর হাটের তালিকা।

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

ক্রম নং	হাটের নাম
১	সাগরিকা
২	নূর নগর

সিংড়া পৌরসভা, নাটোর

ক্রম নং	হাটের নাম
১	সিংড়া পৌড় গো হাট

